# কিশোরগঞ্জ উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শাহ্ মোঃ আবুল কালাম বারী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ।
তারিখ : ২২ ডিসেম্বর, ২০২১
সময় : বেলা-১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' ও 'খ' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানান। প্রথমেই তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। শুনানী অন্তে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, রবি ২০২১-২২ মৌসুমে হাইব্রিড ৪৪৫ হেক্টর এবং উফশী ২৫০ হেক্টর জমিতে বীজ তলা তৈরি হয়েছে এবং বোরো ধানের চারা রোপন শুরু হয়েছে। এছাড়া ভুট্টা ১৬৫০ হেক্টর, গম ২২৫ হেক্টর, সরিষা ৫৭০ হেক্টর ও শাক-সবজি ৮৫০ হেক্টর জমিতে চাষ হচ্ছে । সার মজুদ সন্তোষজনক এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কৃষকদেরকে পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত আছে। | মাঠ পর্যায়ের প্রান্তিক কৃষকদেরকে পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার পক্ষে মেডিকেল অফিসার এর প্রতিনিধি সভায় জানান যে, কোভিট-১৯ এর টিকাদান ও গণ টিকাদান কার্যক্রম চলমান স্বাভাবিক আছে। জনগণকে করোনা প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলাসহ করোনা টিকা গ্রহণে উদ্বুদ্ধ করার জন্য সকলের সহযোগীতা কম্য। ২২/১২/২১ তারিখ হতে প্রতিটি কমিউনিটি ক্লিনিক ইপিআাই কেন্দ্র গণঠিকা কার্যক্রম চলছে। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | জনগণকে করোনা প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলাসহ করোনা টিকা গ্রহণে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, সংশ্লিষ্ট সকল |
| ০৩ | প্রকৌশল বিভাগ | (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির ১ম, ২য় কিস্তি পাওয়া গেছে। (ক) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারী ওয়াল উচুঁকরণ ও গেট নির্মাণ এর প্রাক্কলন মূল্য =৪,৯৪,৪৯৫/-(চার লক্ষ্য চুরানব্বই হাজার চারশত পঁচানব্বই) টাকা অনুমোদন করা প্রয়োজন। প্রস্তুত হওয়ায় প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। বিধি মোতাবেক প্রকল্প গ্রহণ করা হবে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে "ক" প্রকল্পটি বাস্তবায়ন আরএফকিউ পদ্ধতিতে করা হবে। বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্প বিধি মোতাবেক গ্রহণ করা হবে। | ক) উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল। |
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে- বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএআই) আওতায় চলতি মাসের মাসিক অগ্রগতি (ক) তরল সিমেন দ্বারা -৪৯৬ কৃত্রিম প্রজনন, (খ) হিমায়িত সিমেন দ্বারা ১৭৮ কৃত্রিম প্রজনন, (গ) শংকর জাতের বজ্ঞুয়ের তথ্য সংগ্রহ -২২৯ টি, (ঘ) (১) গব্যাদি পশুর ঠিকা-২৯২০ টি, (২) হাঁস মুরগীর টিকা- ১৮০০০ টি, (ঙ) গবাদি পশুর চিকিৎসা প্রদান-১৯০০টি। (চ) হাস মুরগীর চিকিৎসা প্রদান (ছ) ঠোন বৈঠক- ৫টি। (জ) স্থায়ী খাল সম্প্রসারণ-১ একর। (ঝ) খামার পরিদর্শন-০৭টি। (ঞ) মোবাইল কোর্ট পরিচালনা-০১টি। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্টু ও সুন্দরভাবে চলছে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসের বাউন্ডারী ওয়াল সংস্কার/ মেরামতের বিষয়ে সংশ্লিস্ট বিভাগীয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে পত্র যোগাযোগের সিদ্বান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ০৫ | উপজেলা মৎস্য অফিস | উপজেলা সভায় অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। চলমান অর্থবছরে রাজস্ব খাতের আওতায় ৩ ব্যাচ প্রশিক্ষণের বরাদ্দ পাওয়া গেছে। দ্রুত প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে মর্মে সভায় জানান, তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্টু ও সুন্দরভাবে চলছে। | ৩ ব্যাচ প্রশিক্ষণের বিষয়টি নিয়ে আলোচনা করে প্রশিক্ষণের বিষয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |

চলমান পাতা-০২

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৬ | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, #নির্বাচনী-০৪ এর আওতায় কাবিটা- ৫০,০০,০০০/- ১০টি প্রকল্প। গম-১০০ মেঃটন (চাল)-০৬টি প্রকল্প।নির্বাচনী-মহিলা-কাবিটা ২,২৭,৬২,২৪৭০৪-৩৭টি প্রকল্প। চাল-৪৮১.১৩৫মেঃটন-২৮টি প্রকল্প। গম- ৪২৮.১২ মেঃটন, প্রকল্প-২৪টি। সাধারণ ১ম পর্যায়-কাবিটা-৩৫,৯১,৯৮০/১৬ টাকা- ১১টি প্রকল্প। চাল-৭৬.০০২ মেঃটন, ১০টি প্রকল্প। গম-৭৬.০০২ মেঃটন, ১০টি প্রকল্প। টি আর সাধারণ ১ম পর্যায়- বরাদ্দ ১৯,৭৯,৭৩৮/১৪ ২০টি প্রকল্প। টি আর, জেলা প্রশাসক- বরাদ্দ-৫০,০০/-টাকা ১টি প্রকল্প। অতি দরিদ্রদের জন্য কর্মসূচী- বরাদ্দ কার্ড সংখ্যা-১৭২৩জন, টাকা-২,৭৫,৬৮,০০০/-টাকা। দপ্তরের অন্যান্য কাযক্রম সুষ্টুভাবে চলছে। | পরবর্তী সভায় নিয়মিতভাবে উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলা হলো। . | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৭ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, নিয়মিত ভাতাভোগীদের ১ম কিস্তি ২০২১-২০২২ অর্থবছরের পে-রোল প্রদান সম্পন্ন হয়েছে।* শতভাগ ভাতার আওতায় ৭৪৬৮জন বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যাক্তা এবং প্রতিবন্ধি ব্যক্তিদের ওয়ার্ড ভিত্তিক মোবাইল নম্বর যাচাই করণের মত বড় কাজ সম্পন্ন হয়েছে।* শতভাগ ভাতাভোগীদের নগদ মোবাইল ব্যাংক একাউন্ট নম্বর কাজ শেষ হয়েছে। আগামী মাসে তাদের পে-রোল প্রদান করা হবে। * ২৯জন রোগীকে আর্থিক সহায়তার চেক বিতরণ করা হয়েছে। *৪০জন প্রতিবন্ধি শিক্ষা উপবৃত্তির আওতায় আনা হয়েছে। * বিগত কয়েক বছর পরে থাকা মামলার শুনানি গ্রহণ করা হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কাযক্রম সুষ্টুভাবে চলছে। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সরকারী নির্দেশনা মোতাবেক প্রতিটি কার্যক্রম সুসম্পন্ন করার জন্য অনুরোধ জানান হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ০৮ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০২২ শিক্ষাবষেয়র জন্য সকল প্রাথমিক বিদ্যালয়ে বিনামুল্যে বিতরণকৃত পাঠ্যপুস্তক সরবরাহ করা হয়েছে। ০১/০১/২০২২ তারিখে সকল প্রাথমিক বিদ্যালয়ে একযোগে বই বিতরণ করা হবে। ২৪/১২/২০২১ থেকে ২৯/১২/২০২১ পযন্ত বিদ্যালয়গুলোতে শীতকালীন ছুটি শুরু হবে। এছাড়া শিক্ষা অফিসের অন্যান্য কাযক্রম সুষ্ঠু ও সাভাবিকভাবে চলছে। | সভায় বিষয় ব্যাপক আলোচনা করা হয় এবং সরকারী নির্দেশনা মোতাবেক কাযক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ জানান হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(অঃদাঃ) সভায় জানান যে, ডিসেম্বর/২০২১ মাসে এ উপজেলা নিম্নোক্ত তথ্য সভায় উপস্থাপন করেন। খাবার বড়ি (সুখি) ১৫৭২৪ চক্র, (আপন) ৫২১ চক্র, কনডম-৫০৫৬ (পিস), ইনজেকটেবলঃ ১৪৮৪, (ভায়াল) বিতরণ করা হয়েছে। স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ-০২জন, ও মহিলা-০৬ জন, ইমপ্লান্টঃ ৪১জন, ও আই ইউ ডি ২৫ জনকে সেবা প্রদান করা হয়েছে। মোট সক্ষম দম্পতির সংখ্যা-৫৪৭৫৮ জন, মোট পদ্ধতি গ্রহণকারী-৪৩৮৬৬ জন। গর্ভবতী মায়ের সেবা প্রদান করা হয়েছে-১৮০১ জনকে। অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | সরকারী টার্গেট মোতাবেক কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০ | মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্টুভাবে চলমান রয়েছে। ডিসেম্বর/২১ মাসের ভিজিডি'র ডিও প্রদান করা হয়েছে। জানুয়ারী/২১ – মার্চ/২১ ব্যাচে দর্জি বিজ্ঞান, ফ্যাশন ডিজাইন, ক্রিস্টাল বেসিক এন্ড ডেকোরেটেড ক্যান্ডেল মেকিং (মোমবাতি) ট্রেডে নতুন প্রশিক্ষণার্থী নিয়োগ সম্পন্ন হয়েছে এবং প্রশিক্ষণ কাযক্রম ২ ডিসেম্বর থেকে শুরু হয়েছে। এছাড়াও ০৯ কিশোর-কিশোরী ক্লাবের কাযক্রম চলমান রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ২। সংশ্লিষ্ট সকল |
| ১১ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্টুভাবে চলমান রয়েছে। চলতি অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ কাযক্রম চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, এ উপজেলায় আশ্রয়ন প্রকল্পের আওতায় ৩১০টি পরিবারের জন্য ২৮টি অগভীর নলকুপ স্থাপনের কাজ সম্পন্ন করা হয়ছে এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

চলমান পাতা-০৩

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, সমবায় সমিতির সদস্যগণকে নিয়মিত প্রশিক্ষণ প্রদান ও শেয়ার সঞ্চয় সংগ্রহ করে মুলধন গঠনের মাধ্য আর্থ-সামাজিক উন্নয়নের সহায়তা প্রদান করা হচ্ছে। তার দপ্তরের নিয়মিত কার্যক্রম সমিতি নিবন্ধন, সমবায়ীদের প্রশিক্ষণ, অডিট, সমিতি তদারকী, সমিতির নির্বাচন ইত্যাদি সুষ্ঠুভাবে সম্পুন্ন হচ্ছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের নিয়মিত কার্যক্রমের আওতায় ঋণ বিতরণ-৭.১৭ লক্ষ টাকা, ঋণ আদায়-৭.৪৬ লক্ষটাকা, উদকনিক প্রকল্পের ২২তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পুন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৫ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ ২০২২ শিক্ষাবর্ষের মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের বেই এখনও পাওয়অ যায়নি। ০১ জানুয়ারী বই বিতরণ করার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। বই পাওয়া সাপেক্ষে সুষ্টুভাবে বিতরণ করা হবে বলে সভায় জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলমান রয়েছে। | এসএসসি/দাখিল/কারিগরী সমমান পরীক্ষা/২০২১ স্বাস্থ্য বিধি মেনে সুষ্টুভাবে সম্পুন্ন করার অনুরোখ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১৬ | উপজেলা রাজস্ব তহবিল | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, নভেম্বর ২০২১ মাসে বৈদ্যুতিক যন্ত্রাংশ ক্রয় বাবদ-১০.৩৬০/- (২) ক্রোকাড়িজ ক্রয় বাবদ-১০,৬৫০/- (৩) ৪ইঞ্চি ও ১ইঞ্চি পাইপ, হইস পাইপ, ল্যাট্রিনের যন্ত্রাংশ, পাপস, হাপিক,ফিনাইল,ঝাড়ু ইত্যাদি ক্রয় বাবদ-২৯,৯০০/- (৪) দুটি টেবিল মেরামত বাবদ-২৭৯০/- (৫) ইন্টারনেট বিল বাবদ-৪৩০০/- উপজেলা চেয়ারম্যান মহোদয়ের নভেম্বর/২১ মাসের সম্মানী ভাতা-৪০,০০০/(চল্লিশ হাজার) টাকা,ভাইস চেয়ারম্যান সম্মানী ভাতা-২৭,০০০/-(সাতাই হাজার) টাকা, মহিলা ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা ২৭,০০০/- (সাতাই হাজার) টাকা, আপ্যায়ন ব্যয় ৩০,০০০/(ত্রিশ হাজার) টাকা,আনুসাঙ্গিক ৫০০০/-(পাঁচ হাজার) টাকা,বিদ্যুৎ বিল মে/২০২১ হতে অক্টোবর/২১ পর্যন্ত ১,০৫,১৯২/(এক লক্ষ্য পাঁচ হাজার একশত বিরানব্বই) টাকা উপজেলা চেয়ারম্যান মহোদয়ের জীপ গাড়ীর জ্বালানী ১৯,৭৭৯/-(উনিশ হাজার সাত উনআশি) টাকা,দৈনিক ভিত্তিতে কর্মচারীর বেতন ২২,০০০/(বাইশ হাজার) টাকা,অস্থায়ী আনসারের বেতন মোট ৭৫০০/ (সাত হাজার পাঁচ শত) টাকা ব্যয় হয়েছে। মহান বিজয় দিবস ২০২১ এর ব্যয় ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) উক্ত ব্যয় অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | ব্যয়সমূহ অত্যাবশ্যকীয় ও যৌক্তিক হওয়ায় ব্যয়সমূহ সমন্বয়ের জন্য অনুমোদন দেয়া হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ১৭ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, (ক) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সংযোগ রাস্তা প্রাক্কলিত মূল্য= ১৬,৭৬,,৮২৪/-(ষোল লক্ষ্য ছেয়াত্তর হাজার আটশত চব্বিশ) টাকা। (খ) উপজেলা পরিষদের কোয়াটারে অভ্যন্তরীণ ইউনি ব্লক রাস্তা প্রাক্কলিত মূল্য= ১৮,৩৫,৬০০/- (আটারো লক্ষ্য পয়ত্রিশ হাজার ছয়শত) টাকা। প্রকল্প ০২ (দুই) টি বাস্তবায়নের স্বার্থে প্রাক্কলিত অর্থের বরাদ্দ এডিপি থোক হতে প্রদানের জন্য সিনিয়র সচিব,স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের জন্য প্রস্তাব করেন। | প্রস্তাব ০২ (দুই) টি সম্পুন্ন যৌক্তিক ও অত্যাবশ্যকীয় হওয়ায় সংশ্লিষ্ট মন্ত্রণলায়ে ব্যয় অনুমতি প্রদানের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ক) | তথ্য আপা | উপজেলা তথ্য আপা প্রকল্প ২য় পর্যায় তথ্য কেন্দ্র, কিশোরগঞ্জ নীলফামারী সভায় জানান যে, চলতি মাসে ছয়টি উঠান বৈঠকের মধ্য ২টি বৈঠক সুসম্পন্ন হয়েছে আর বাকি ৪টি এ মাসের শেষে অনুষ্ঠিত হবে। তার দপ্তরের সকল কাযক্রম সরকারী নীতিমালার আলোকে সুষ্টুভাবে চলছে অন্য কোন সমস্যা নাই। | সরকারের লক্ষ্য বাস্তবায়নে কাজ করার জন্য পরার্মশ দেয় হয়। | উপজেলা তথ্য আপা প্রকল্প |
| খ) | আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ভিডিপি সভায় জানান যে, যে সমস্ত ইউনিয়ন পরিষদ নির্বাচনে ভোট কেন্দ্রে ভোট স্থগিত আছে তা ৩০ ডিসেম্বর/২১ তারিখ ভোট গ্রহণের তারিখ নির্ধারণ করা হয়েছে এবং ০৫/০১/২০২২ খ্রিঃ তারিখ চাঁদখানা ইউনিয়নের গ্রহণ অনুষ্ঠিত হবে সেখানে আনসার ভিডিপি সদস্য/সদস্যা আইন শৃংখলার দায়িত্ব পালনের জন্য ভোট কেন্দ্রে নিয়োগ দেয়া হবে। এছাড়া তার দপ্তরের বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | আগামী ২৮শে নভেম্বর স্থানীয় সরকার নির্বাচনে আইন -শৃঙ্খলা রক্ষার্থে সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি |

চলমান পাতা-০৪

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| গ) | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বর্তমানে অত্র উপজেলায় সরকারীভাবে আমন ধান, চাল সংগ্রহ কাযক্রম চলমান রয়ে। উপজেলার মোট লক্ষ্যমাত্রা ধানঃ ৮৫০.০০০মেঃটন ও চালঃ ২৫৬.০০০মেঃটন। বিপরীতে অদ্যাবদি সংগ্রহের পরিমানঃ ধানঃ৩.০০০ মেঃটন ও চাল ৮১.৮০০ মেঃটন। চালের লক্ষ্যমাত্রা দ্রুততম সময়ে অর্জন সম্ভবপর হবে। কিন্তু বর্তমান বাজারে ভেজা ধান প্রতি কেজি ২৫/- টাকা হওয়ায় সরকারী ভাবে ২৭/- টাকা কেজিতে ধান সংগ্রহ হচ্ছে না। তবে বাজারের মূল্য স্থীতিশীল হলে ধান সংগ্রহ সম্ভব হবে বলে আশা করা যায়। এছাড়া খাদ্য বিভাগের অন্যান্য কাযক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারী নির্দেশনা বাস্তবায়নে উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে আরও আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানান হয়ে | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

22.12.21

( শাহ্ মোঃ আবুল কালাম বারী )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ,নীলফামারী।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**কিশোরগঞ্জ, নীলফামারী।**
unokishoganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০৪১.২১-

তারিখঃ ২২/১২/২০২১খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নীলফামারী-০৪
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, নীলফামারী।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৭। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৮। উপজেলা ........................................ কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৯। চেয়ারম্যান ........................................ (সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী।
১০। অফিস কপি।

22.12.2021

(মোঃ নবীরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।